



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০২৫.১২-২১২৩

তারিখঃ ১১/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পভুক্ত জেলার উপপরিচালক এবং উপজেলার ইউআরডিওগনকে প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। অতিরিক্ত দায়িত্ব পালন বাবদ সংশ্লিষ্টদের দায়িত্বভার ভাতা এবং শুধুমাত্র প্রকল্পের উপজেলা দপ্তরে কর্মরত এআরডিও, হিসাব সহকারী, মাঠ সংগঠক এবং জেলা দপ্তরে কর্মরত কৃষি প্রশিক্ষণ সমন্বয়কদের টিএ ও ডিএ বাবদ অর্থ ছাড় করা হয়েছে। অর্থ ছাড় সংক্রান্ত স্মারক নং ৪৭.৬২.০০.০০.৯৬১.০০.০০২৫.২০১২.২০৫৬ এবং ২০৫৯ তারিখঃ ২৪/৮/২০১৪ খ্রিস্টাব্দ মূলে জারীকৃত পত্রে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। টিএ, ডিএ ও সম্মানীভাতার পরিবর্তে উপপরিচালক এবং ইউআরডিওগনকে দায়িত্বভার ভাতা প্রদান করা হয়। তাই উপপরিচালক ও ইউআরডিওগন দায়িত্বভার ভাতা ব্যতিত অন্য কোন ভাতা প্রাপ্য হবেন না। জুলাই/২০১৪ খ্রিস্টাব্দ হতে উপপরিচালক ও ইউআরডিওগন দায়িত্বভার ভাতা ব্যতিত অন্য কোন ভাতা গ্রহণ করলে তা ফেরতযোগ্য হবে।

২. উক্ত আদেশের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়বদ্ধ থাকবেন। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারী করা হলো।


২১/৯/১৪
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,..... উপজেলা,.....জেলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো),..... উপজেলা,.....জেলা।
৫. পরিচালক সেরেজমিন মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি।